

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-২৬

তারিখঃ ২৬/০১/২০১৬ খ্রিঃ।

সময়ঃ রাত ১০.১৫টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ২৬.০১.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।

০১। আবহাওয়ার সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

সমুদ্র বন্দর ও নদী বন্দর সমূহের জন্য কোন সতর্কতা সংকেত নেই।

পূর্বাভাস : আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলাসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকবে।

কুয়াশা : মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকার কোথাও কোথাও মাঝারী থেকে ঘন কুয়াশা এবং দেশের অন্যত্র হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

শৈত্য প্রবাহঃ সন্দ্বীপ, কুমিল্লা, সীতাকুন্ড, রাংগামাটি ও শ্রীমংগল অঞ্চলসহ রাজশাহী, রংপুর, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রা : সারাদেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

বিভাগের নাম	ঢাকা	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৪.২	২৫.৮	২৩.৮	২১.৬	২১.৪	২৩.৬	২৪.৮
সর্বনিম্ন তাপমাত্রা	৬.৮	৮.০	৬.৪	৬.৮	৮.০	৬.৪	৮.২

\* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার ২৫.৮ ডিগ্রী এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গা ও শ্রীমংগল ৬.৪ ডিগ্রী সে।

২। ট্রলার ডুবিঃ

চাঁদপুরঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, আজ ২৬.০১.২০১৬ তারিখ সকাল ৯টায় জেলার হাইমচর থেকে ঈষাণবালা চরের দিকে একটি যাত্রীবাহী ট্রলার যাওয়ার পথে সকাল সাড়ে নয়টার দিকে মেঘনা নদীর মাঝে অপর দিক থেকে আসা একটি তেলবাহী ট্যাংকারের সাথে ধাক্কা লেগে ট্রলারটি ডুবে যায়। ট্রলারটিতে আনুমানিক ৬৫ জন লোক ছিল। অধিকাংশ যাত্রী সঁতরিয়ে তীরে উঠতে সক্ষম হলেও এখনও ১৫/২০ জন যাত্রী নিখোঁজ রয়েছেন। ০৭ জন যাত্রী আহত হয়েছেন। ফায়ার সার্ভিসের ডুবুরীদল স্থানীয় ডুবুরীদের এবং প্রশাসনের সহায়তায় উদ্ধার কাজ চালাচ্ছেন। তবে এখনও পর্যন্ত কাউকেই উদ্ধার করা যায়নি। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, বীরবিক্রম, এমপি ঘটনাস্থল পরিদর্শন করেন। জেলা প্রশাসকসহ জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ঘটনাস্থলে উপস্থিত থেকে উদ্ধার কাজ তদারকী করেন। জেলা প্রশাসনের পক্ষ থেকে নিখোঁজ একটি পরিবারকে সনাক্ত করে ১০,০০০/-টাকা ও আহত ৭ জনকে ৩৫,০০০/-টাকা (প্রত্যেককে ৫,০০০/- টাকা করে) মোট ৪৫,০০০/- টাকা বিতরণ করা হয়েছে।

৩। অগ্নিকান্ডঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ কোথাও থেকে অগ্নিকান্ড সংঘটিত হওয়ার সংবাদ পাওয়া যায়নি।

\*\*। দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭X২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০

Email: [ndrcc.dmr@gmail.com](mailto:ndrcc.dmr@gmail.com)

স্বাক্ষরিত/-

ভারপ্রাপ্ত কর্মকর্তা

এনডিআরসিসি

ফোনঃ ৯৫৪০৪৫৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/ (দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।